

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা  
সংসদ ও সমন্বয় শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০১৬.০৬.০০৩.১৮.৭০

তারিখঃ ২৫/০২/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ জানুয়ারি, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জানুয়ারি, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ৬ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(রুমানা রহমান শম্পা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ-৯৩৪৯২৩০

[dsparliament@probashi.gov.bd](mailto:dsparliament@probashi.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/অভিবাসী কল্যাণ অনুবিভাগ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১৩। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
সংসদ ও সমন্বয় শাখা

জানুয়ারি, ২০১৮ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি ভারপ্রাপ্ত সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১৩.০২.২০১৮ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মাসিক সমন্বয় সভা, ডিসেম্বর, ২০১৭ এর কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় ডিসেম্বর, ২০১৭ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে।  খ) ২০১৭-১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির হার সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।  গ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিাবাসন সংক্রান্ত কার্যক্রম ইলেকট্রনিক মিডিয়ায় পাক্ষিকভাবে প্রচারের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।	<u>মন্ত্রণালয়:</u> ক) ২০১৭-১৮ অর্থবছরের ১ম ৬ মাসে এ মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তির হার ৭৬%। <u>বিএমইটি:</u> রি/এজেস্পীর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে তদন্ত কার্যক্রমের জন্য টাইম বাউন্ড করে দেয়া হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যেই অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। খ) বিএমইটির ২০১৭-১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ৬৫% বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যেই সম্পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করা হবে। <u>কল্যাণ বোর্ড:</u> ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অগ্রগতির হার ৮০ শতাংশ।  গ) মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির প্রচার তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য ডিইএমও ও টিটিসিসমূহের মাধ্যমে এর জোর প্রচারণা চালানো হচ্ছে। ডিইএমও হতেও এর ব্যবহার বিধি প্রদর্শন করা হচ্ছে। সদর দপ্তর ও অধীন দপ্তর কর্তৃক প্রচারিত লিফলেট ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। • বিএমইটির ফেইসবুকে এবং অনলাইনে ভিসা যাচাই এ্যাপসটির ব্যবহার বিধি এবং গুগল প্লে স্টোরে এর অবস্থান সম্পর্কে ফিচার প্রচার করা হচ্ছে।	ক) অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।  খ) নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।  গ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিাবাসন সংক্রান্ত কার্যক্রম ইলেকট্রনিক মিডিয়ায় পাক্ষিকভাবে প্রচারের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফো: ও মনি:), কর্মসংস্থান অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল)  খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)  গ) প্রশাসন অনুবিভাগ ও জন সংযোগ কর্মকর্তা (প্রকবৈকম)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	<p>১। দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের সকল শাখায় ইন্টারনেট প্রবাহের গতি বৃদ্ধি করতে হবে।</p> <p>২। শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।</p> <p>৩। বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগ সংখ্যা ও নিষ্পত্তির সংখ্যা উল্লেখপূর্বক প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>৪। নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।</p>	<p>১। মন্ত্রণালয়ে ইন্টারনেটের গতি ৭০ mbps বৃদ্ধি করা হয়েছে। অন্যান্য আনুষঙ্গিক কাজের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p> <p>২। মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের গতি আরও বৃদ্ধি করতে হবে। গত ৬ মাসে এ মন্ত্রণালয়ে ই-নথির অগ্রগতি ৮৭%।</p> <p><u>বিএমইটি:</u></p> <p>৩। বিএমইটির বহির্গমন শাখায় জানুয়ারি/২০১৮-তে প্রাপ্ত অভিযোগের সংখ্যা ১৫১টি ও নিষ্পত্তির সংখ্যা ১৫১টি।</p> <p>৪। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই APA ও NIS বাস্তবায়ন নিশ্চিত করা হচ্ছে।</p>	<p>১। মন্ত্রণালয়ের সকল শাখায় ইন্টারনেটের নিরবচ্ছিন্ন প্রবাহ নিশ্চিত করতে হবে।</p> <p>২। শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।</p> <p>৩। বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরন ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।</p> <p>৪। নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ও সহকারী প্রোগ্রামার, মন্ত্রণালয়</p> <p>২। সকল কর্মকর্তা (মন্ত্রণালয়)</p> <p>৩। মহাপরিচালক বিএমইটি</p> <p>৪। সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা</p>
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	<p>১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে।</p> <p>২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অগ্রাধিকার দিতে হবে।</p>	<p><u>কল্যাণ অধিশাখা:</u></p> <p>১। ৮ জানুয়ারি ২০১৮ তারিখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুষ্ঠিত সভায় নীতিমালাটি পুনর্বিবেচনা এবং সমৃদ্ধ করার লক্ষ্যে জনাব ড. মোহাম্মদ সোহরাব উদ্দীন, একচুয়ারি-কে আহ্বায়ক করে ১৩ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রণালয় হতে একজন প্রতিনিধিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণপূর্বক এবং মন্ত্রণালয় হতে মনোনীত প্রতিনিধির নাম প্রেরণের জন্য গত ০৪/০২/২০১৮ তারিখে মন্ত্রণালয়কে পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে। সে প্রেক্ষিতে একজন কর্মকর্তার নাম প্রেরণ করা হয়েছে।</p> <p><u>২। বিএমইটি:</u></p> <p>যে সকল জেলাগুলো হতে এ পর্যন্ত ১ (এক) লক্ষের কম সংখ্যক কর্মী বিদেশ গমন করেছে মন্ত্রণালয় হতে সে সকল জেলাগুলোকে প্রাথমিকভাবে অভিবাসনে পিছিয়ে থাকা জেলা হিসেবে চিহ্নিত করা হয়েছে।</p> <ul style="list-style-type: none"> <li>• অগ্রাধিকার ভিত্তিতে এ সকল জেলার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের মাধ্যমে দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে।</li> <li>• এছাড়া প্রতিটি উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের অংশ হিসেবে ২য় পর্যায়ে ইতোমধ্যে ৫০টি উপজেলায় ১টি করে</li> </ul>	<p>১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে।</p> <p>২। অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অগ্রাধিকার দিতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ও উপসচিব (কল্যাণ অধিশাখা)</p> <p>২। মহাপরিচালক, বিএমইটি</p>

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	৩। প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা নিতে হবে।	৩। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির বিষয়টি বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় জবাবদিহিতার আওতায় আনা হয়েছে। টিটিসি নির্মাণের ক্ষেত্রে জমি অধিগ্রহণ সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড় যোগাযোগ রাখা প্রয়োজন। তাছাড়া ইউএন এজেন্সিসমূহের প্রকল্পগুলো এ মন্ত্রণালয়ের ভিশন ও মিশনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা প্রকল্প যাচাই বাছাইয়ের প্রাক্কালে বিবেচনা করার জন্য চেয়ারপারসন অনুরোধ জানান	৩। যথাসময়ে প্রকল্প বাস্তবায়নে আরো তৎপর হতে হবে।	(পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং মহাপরিচালক, (বিএমইটি)
২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সৌদি আরবে অন্যান্য দেশের স্কুল প্রতিষ্ঠার প্রক্রিয়া সম্পর্কে তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। তবে স্কুল স্থাপনের কার্যাদি সম্পাদনের লক্ষ্যে সৌদি আরবে সরেজমিনে সফর করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।	সৌদি আরবে মন্ত্রণালয়ের একটি প্রতিনিধিদল সফর পূর্বক স্কুল প্রতিষ্ঠার প্রাক কার্যাদি সম্পন্ন করবে।	(পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং বিএমইটি
২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	১। মন্ত্রণালয়; মন্ত্রণালয় অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রস্তুতপূর্বক দূতাবাস অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।  ২। বিএমইটি: অডিট আপত্তি নিষ্পত্তির পদক্ষেপ হিসেবে একটি দ্বিপাক্ষিক সভা গত ১৫/১১/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তির নিষ্পত্তির হার বৃদ্ধির লক্ষ্যে আরও একটি দ্বিপাক্ষিক সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।  ৩। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৪৪ টি নিষ্পত্তি করা হয়েছে অর্থাৎ নিষ্পত্তির হার ৬৬.৬৬%। অবশিষ্ট ২২ টি আপত্তির বিষয়ে ২৭/১১/২০১৭ তারিখে ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।	২.৪ অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	যুগ্মসচিব (বাজেট অধিশাখা) ও দপ্তর/সংস্থা (সকল)
২.৫ অনিষ্পন্ন বিষয়	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এ বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে এবং পারস্পারিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তি করতে হবে।	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যে বিদ্যমান অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে পারস্পারিক যোগাযোগ অব্যাহত রয়েছে। এ মন্ত্রণালয়ের নিকট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কোনো কিছু পেডিং আছে কিনা তা পরীক্ষান্তে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলকে অনুরোধ জানানো হয়।	অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা ২০১৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে।	সকল কর্মকর্তা মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)

✓

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	১) মেডিকেল সেন্টারগুলোর অনিয়ম রোধে প্রতিটি মেডিকেল সেন্টারে ভিজিটেশন টাঙ্কফোর্সের পক্ষ থেকে অভিযোগ বন্ধ স্থাপন করা যায় কিনা সে বিষয়ে এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা মতামত প্রদান করবে।  ২) বিএমইটির আওতাধীন দপ্তরগুলোতে মনিটরিং জোরদার করতে হবে।	১। মেডিকেল সেন্টারগুলোর অনিয়ম রোধে গামকা কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।  ২। বিএমইটি: উপপরিচালক পর্যায় হতে মহাপরিচালক পর্যন্ত সকল কর্মকর্তা বিএমইটির অধীন দপ্তরসমূহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে নিবিড় মনিটরিং করছে। <ul style="list-style-type: none"><li>এছাড়া পরিচালক পর্যায়ে প্রতিদিন টেলিফোনে যোগাযোগের মাধ্যমে বিভাগওয়ারী মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।</li><li>অধিন দপ্তরগুলোর ই-মনিটরিং অব্যাহত আছে।</li></ul>	১। গামকার কর্তৃপক্ষের সাথে যোগাযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।  ২) বিএমইটির আওতাধীন দপ্তরগুলোতে মনিটরিং জোরদার করতে হবে।	ফুগ্ম সচিব (এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা)  ২) মহাপরিচালক, বিএমইটি

৪. ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	১। ILO কর্তৃক বিদেশে স্থাপিত হটলাইনের মেয়াদ শেষে কল্যাণ বোর্ড কর্তৃক সেগুলো পরিচালনার সক্ষমতার বিষয়ে মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড এর মতামত গ্রহণ করতে হবে।	বিদেশগামী ও প্রবাসী কর্মীদের সমস্যা সমাধানে সহযোগিতার লক্ষ্যে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের তত্ত্বাবধানে গত ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে হট লাইন (+৮৮ ০১৭৮৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০১৭৯৪ ৩৩৩ ৩৩৩ ও +৮৮ ০২-৯৩৩৪৮৮৮) চালু করা হয়েছে। ইতোমধ্যে উক্ত কল সেন্টারের মাধ্যমে ২৯৫টি কল গ্রহণ করা হয়। এর মধ্যে ২০০টি সমস্যা সমাধান করা হয়েছে। গ্রহণকৃত কলের মধ্যে আর্থিক অনুদান, লাশ আনয়ন, ক্ষতিপূরণ, শিক্ষাবৃত্তি, দেশে-বিদেশে কর্মী ও তাদের পরিবারের সমস্যা এবং তথ্য সংক্রান্ত কল বেশি। কল্যাণ বোর্ড বর্তমানে একটি সফটওয়্যার তৈরি করছে যার মাধ্যমে হট লাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করা সম্ভব হবে। ফলে অন্য কোনো হট লাইনের প্রয়োজন হবে না।	১। কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ/সমস্যা নিষ্পত্তিতে তৎপর থাকতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড

৫. বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১ বোয়েসেলের কার্যক্রম	১। বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	১৯৮৪ সাল থেকে জানুয়ারি, ২০১৮ পর্যন্ত ৫৪,৬৪৫ জন মহিলা কর্মী বিদেশ গমন করেছে। জানুয়ারি, ২০১৮ মাসে ১,০৩৪ জন মহিলা ও ১২৫ জন পুরুষ কর্মী গমন করেছে।	১। বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	১। প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে প্রাক প্রস্তুতিমূলক কার্যাদি সম্পন্ন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। বিগত ১৪.০৩.২০১৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয়ের সভায় প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকে রূপান্তর এবং পরিশোধিত মূলধন বাবদ ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা অর্থ বিভাগ কর্তৃক এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড থেকে গত ১৬.০৪.২০১৭ তারিখে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২৫০ কোটি টাকার মধ্যে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের হিস্যা বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৮.১১.২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত পরিশোধিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকার ৫% হিসেবে ১৫ (পনের) কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে ছাড় করা হয়েছে। অত্র ব্যাংক ০৩.০১.২০১৮ তারিখে ১৫.০০ (পনের) কোটি টাকা প্রদানের জন্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে বিল দাখিল করেছে। সেই প্রেক্ষিতে পরিশোধিত মূলধন বাবদ সরকার কর্তৃক ০৯.০১.২০১৮ তারিখে ১৫.০০ (পনের) কোটি টাকার চেক প্রদান করা হয়েছে। এবং গত ১০ জানুয়ারি, ২০১৮ তারিখে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক অবশিষ্ট ২৩৫.০০ (দুইশত পয়ত্রিশ) কোটি টাকা প্রদানের বিষয়ে অত্র মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছে। সর্বশেষ গত ১৪ জানুয়ারি, ২০১৮ তারিখে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সভায় অবশিষ্ট অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।	১। প্রবাসী কল্যাণ ব্যাংককে সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে প্রাক প্রস্তুতিমূলক কার্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬  ফোকাল পয়েন্ট: অতিরিক্ত সচিব (গবেষণা, আইন ও নীতিমালা)	বিএমইটি দ্রুততম সময়ে অংশীজনের সভা আহবান করবে।	বিএমইটি: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য অংশীজনের উপস্থিতিতে সভার তারিখ নির্ধারণপূর্বক সভা আয়োজন করা হবে।	বিএমইটি দ্রুততম সময়ে অংশীজনের সভা আহবান করবে।
IPoA ও SDG  ফোকাল পয়েন্ট: যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	IPoA এর ৮টি থিমেরিক এরিয়ার মধ্যে Social Development ও Remittance এর ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা রয়েছে। ইতোমধ্যে এ বিষয়ের উপর মন্ত্রণালয়ের input প্রেরণ করা হয়েছে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান  জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা)	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে এ পর্যন্ত ২জন ব্যক্তিকে তথ্য সরবরাহ করা হয়েছে।	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করণের কাজ অব্যাহত রাখতে হবে।
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি  ফোকাল পয়েন্ট: উপসচিব (কল্যাণ)	ক) অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে স্থাপিত অভিযোগ বক্সটি প্রতি সপ্তাহে নিয়মিতভাবে খোলা হয়। অভিযোগ পাওয়া গেলে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে।</li> <li>ডে-কেয়ার সেন্টারে ১ জানুয়ারি ২০১৮ হতে শিশুদের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে এবং সার্বক্ষণিক তদারকি করা হয়। দুই জন ডে-কেয়ার সহায়ক নিয়োগ দেয়া হয়েছে।</li> </ul>	ক) অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।
কলম্বো প্রসেস  ফোকাল পয়েন্ট: উপসচিব (কর্মসংস্থান-২ শাখা)	কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে।	কলম্বো প্রসেস সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। থাইল্যান্ডে অনুষ্ঠিতব্য পরবর্তী সভায় Complaint Mechanism & Skill Development এর উপর বাংলাদেশকে সভাপতিত্ব করতে হবে।	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

আবুধাবী ডায়ালগ  ফোকাল পয়েন্ট: উপপ্রধান (পরিচালনা শাখা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	আবুধাবী ডায়ালগ মূলত কলম্বো প্রসেসের ১২টি সদস্য দেশ ও কর্মী গ্রহণকারী ০৭টি দেশের সমন্বয়ে গঠিত একটি সংস্থা। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক  ফোকাল পয়েন্ট: যুগ্মসচিব (প্রশিক্ষণ)	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।	এটি মূলত উন্নয়নশীল দেশের সাথে উন্নত দেশসমূহের একটি আয়োজন। ERD এ বিষয়টি সমন্বয় করে থাকে।	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।
NSSS  ফোকাল পয়েন্ট: উপসচিব (কল্যাণ)	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল NSSS বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত Action Plan of NSSS অনুযায়ী এ মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত কর্ম-পরিচালনায় গ্রহীত/গ্রহীতব্য কার্যক্রমসমূহের বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের NSSS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুগ্মসচিব (সংস্থা) এর সভাপতিত্বে গত ১১/১২/২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়।	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।
Budapest Process  ফোকাল পয়েন্ট: উপসচিব (অভিবাসী ও দক্ষতা উন্নয়ন তহবিল শাখা)	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করেছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
GFMD  ফোকাল পয়েন্ট: উপসচিব (কর্মসংস্থান-২ শাখা)	জিএফএমডি কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।	প্রতি বছর জিএফএমডি সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালে ঢাকায় অনুষ্ঠিত নবম সম্মেলনে বাংলাদেশ হোস্ট কান্ট্রি হিসেবে গুরুদায়িত্ব পালন করেছে। মরক্কো ও জার্মানিকে আগামী ২ (দুই) বছর এ সম্মেলন আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়েছে।	জিএফএমডি কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।
Global Compact  ফোকাল পয়েন্ট: উপসচিব (কর্মসংস্থান-২ শাখা)	১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ অনুবিভাগ) কে আহ্বায়ক করে Global Compact বিষয়ক একটি কমিটি গঠন করতে হবে।	বিভিন্ন গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক প্রসেসে দায়িত্ব পালনের লক্ষ্যে মন্ত্রণালয়ে এখনও কোনো ফোরামভিত্তিক টীম গঠন করা হয়নি।	Global Compact বিষয়ক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে একটি কমিটি গঠন করতে হবে।

পরিশেষে চেয়ারপার্সন শ্রম কল্যাণ সম্মেলন ও বনভোজন ২০১৮ সুষ্ঠুভাবে এবং দক্ষতার সাথে সম্পন্ন করায় মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থার সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ভবিষ্যৎতেও এ কর্মতৎপরতা অব্যাহত রাখার জন্য তিনি সকলকে আহ্বান জানান।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় চেয়ারপার্সন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নমিতা হালদার এনডিসি)

ভারপ্রাপ্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়